# ময়মনসিংহ সদর উপজেলা পরিষদের আগষ্ট, ২০২১ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ **জনাব আশরাফ হোসাইন**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

তারিখ ঃ **২৩/০৮/২০২১ খ্রিস্টাব্দ, সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।**

**উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং উপস্থিত বিভাগীয় প্রধানগণের তালিকা পরিশিষ্ট 'খ'**

সভার সভাপতি উপজেলা চেয়ারম্যান জনাব আশরাফ হোসাইন সভার শুরুতেই সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় সম্মানিত সদস্যগণের আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, সিরতা ইউপি বলেন যে, ১৭/০৫/২০২১ তারিখের মাসিক সভায় বাহাদুরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় পাকা রাস্তা হতে বাহাদুরপুর মফিজুলের বাড়ী পর্যন্ত রাস্তায় ইটের সলিং এর পরিবর্তে বাহাদুরপুর সুরুজ ড্রাইভারের বাড়ী এইচবিবি হইতে মির্জাপুর বাদশা মিয়ার বাড়ী পর্যন্ত ইটের সলিং করণ (পিআইসি), ১১/০২/২০২১ তারিখের মাসিক সভায় গনেশ্যামপুর ওয়াজ সরকারের বাড়ী হতে গনেশ্যামপুর নদীর পাড় পর্যন্ত রাস্তায় ইটের সলিং এর পরিবর্তে গনেশ্যামপুর প্রাইমারী স্কুল সংলগ্ন হতে গনি মিয়ার বাড়ী পর্যন্ত ইটের সলিং করণ (পিআইসি), ১১/০২/২০২১ তারিখের মাসিক সভায় খাগডহর কাটখাল পাড় হতে খাগডহর ঘাট পর্যন্ত মাটি ও সুরকী দ্বারা রাস্তা মেরামত (পিআইসি-১,২) এর পরিবর্তে ভারুয়াকান্দা রশিদের বাড়ীর সামনে ইটের সলিং হতে ভারুয়া কান্দা তেপান্তর রাস্তা পর্যন্ত ইটের সলিং করণ (পিআইসি-১,২) সংশোধন করার প্রস্তাব করেন। সভাপতি মহোদয় বলেন যে, আর কোন সংশোধনী ও সংযোজনী না থাকায় তা অনুমোদন করা যেতে পারে। | উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে বাহাদুরপুর সুরুজ ড্রাইভারের বাড়ী এইচবিবি হইতে মির্জাপুর বাদশা মিয়ার বাড়ী পর্যন্ত ইটের সলিং করণ (পিআইসি), গনেশ্যামপুর প্রাইমারী স্কুল সংলগ্ন হতে গনি মিয়ার বাড়ী পর্যন্ত ইটের সলিং করণ (পিআইসি), ভারুয়াকান্দা রশিদের বাড়ীর সামনে ইটের সলিং হতে ভারুয়া কাজ তেপান্তর রাস্তা পর্যন্ত ইটের সলিং করণ (পিআইসি-১,২) প্রস্তাব সর্বসম্মতিতে গৃহীত হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট সকল |
| ০২ | **উপজেলা প্রকৌশল অফিস ঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান, বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) ২০২১-২০২২ অর্থ বছরে আওতায় এডিপি কোন বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া গেলে কার্যক্রম শুরু হবে বলে জানান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতেই চলছে। | সভায় আলোচনান্তে অতিদ্রুত এডিপি বাস্তবায়ন কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশল ও সংশ্লিষ্ট সকল |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস ঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার ডাঃ মোঃ শাহজাহান কবির, সভায় জানান বর্তমানে দেশে করোনা সংক্রামন ভয়াবহভাবে বৃদ্ধি পাচ্ছে। পাশাপশি করেনার মৃত্যুর সংখ্যা সকল রেকর্ড ভঙ্গ করেছে। এমতাবস্থায়, স্বাস্থ্য বিধি মেনে চলা, জরুরী প্রয়োজন ছাড়া বাড়ীর বাইরে বের না হওয়ায়, জরুরী প্রয়োজনে বাড়ীর বাইরে বের হলে সঠিক নিয়মে মাক্স পরিধান করা এবং সামাজিক দূরত্ব বজায়রাখা, নিয়মিত বিরতিতে সাবান পানি দিয়ে হাত ধৌত করা অথবা হাত স্যানিটাইজার করাসহ পঁচিশ উর্ধ্ব সকলকেই বিনামূল্যে কোভিড-১৯ এর টিকা নেয়ার জন্য সভায় জানান। ভবিষ্যতে করোনা সংক্রমনের হার যাতে উর্ধ্বমুখী না হয় এই ব্যাপারে সকলকে সচেতন ও যথাযথভাবে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ করেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোনান্তে ময়মনসিংহ সদর উপজেলায় করোনা সংক্রামন যাতে আর উর্ধ্ব মুখী না হয় সে ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেয়ার ব্যবস্থা সিদ্ধান্ত গৃহীত হয়।। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দ। |
| ০৪ | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার জানান, বর্তমানে মাঠে রোপা আমন রোপণ কার্যক্রম চলমান আছে। তিনি আরও জানান ২০২১-২২ অর্থ বছরে সমন্বতি ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় উন্নয়ন সহায়তা কম্বাইন হারভেষ্টার বিতরণের জন্য আগ্রহী কৃষকের তালিকা প্রেরণ করা প্রয়োজন। সেই লক্ষ্যে ৩১/০৮/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত আবেদন গ্রহষ করা হবে। এ বিষয়টি প্রচারের জন্য সকলকে অনুরোধ করা হয় এবং উপজেলা পর্যায়ে একটি যন্ত্রপাতি সেড নির্মাণ করা হবে। সেই জন্য উপজেলা পরিষদ চত্বরে একটি স্থান নির্ধারণ করে তার স্ক্যাচম্যাপ প্রকল্প দপ্তরে প্রেরণ করা প্রওয়োজন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও স্বভাবিক গতিতেই চলছে। | সভায় আলোচনান্তে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় হারভেষ্টার বিতরণের জন্য আগ্রহী কৃষকের তালিকা প্রনয়ণ ব্যপক প্রচার এবং উপজেলা পর্যায়ে একটি যন্ত্রপাতি সেড নির্মাণ করার উপজেলা পরিষদ চত্বরে একটি স্থান নির্ধারণ করে তার স্ক্যাচম্যাপ প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী /উপজেলা কৃষি অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ০৫ | উপজেলা মৎস্য অফিস : সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, প্রতি বছরের ন্যায় এ বছর ও জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১(আগামী ২৮ আগষ্ট হতে ০৩ সেপ্টেম্বর) হতে শুরু হতে যাচ্ছে। এ উপলক্ষে সদর উপজেলা কর্তৃক জেলা কর্মসূচীর সাথে সমন্বয় করে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে। এ বছরের প্রতিপাদ্য বিষয় **"বেশী বেশী মাছ চাষ করি , বেকারত্ব দূর করি"**সদর উপজেলা হতে মৎস্য রেণু উৎপাদন ক্যাটাগরিতে পর পর তিন বছর জাতীয় ভাবে পদক প্রাপ্ত হয়েছেন। ২০২১-২০২২ আর্থিক সালের জন্য বিভিন্ন জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণের জন্য ১.২৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। অত্র উপজেলায় দুইটি সরকারি মৎস্য বীজ খামার রয়েছে সেখান হতে বিধিমোতাবেক নির্বাচিত প্রাতিষ্ঠানিক পুকুর ও জলাশয়ে পোনা মাছ অবমুক্ত করা হবে। হ্যাচরীগুলোতে রেনু উৎপাদন মৌসুম প্রায় শেষের দিকে । তাছাড়া নিয়মিতভাবে ইউনিয়ন প্রকল্পের প্রদর্শনী পুকুর পরিদর্শন, মৎস্য চাষীর পুকুর পরিদর্শন, হাট-বাজার পরিদর্শন, মৎস্য হ্যাচারী, মৎস্য খাদ্যের লাইসেন্স প্রদান ও নবায়ন, মৎস্য খাদ্যের নমুন পরীক্ষাসহ দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে সকলের | সভায় আলোচনান্তে ২০২১ সালের জাতীয় মৎস্য সপ্তাহ যথাযথ ভাবে পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা শিক্ষা অফিস ঃ উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, শ্রেণি পাঠদান বন্ধ আছে কিন্তু ভিজিটের মাধ্যমে শিক্ষকগণ শিক্ষার্থীদের কাছে ওয়ার্কসীট বিতরণ করেছেন এবং শিক্ষার্থীর পূরণকৃত ওয়ার্কসীট বিদ্যালয়ে এনে বিষিয় ভিত্তিক শিক্ষক কর্তৃক মূল্যায়ন করে স্টুডেন্টস প্রোফাইল তৈরী করা হয়েছে। বাংলাদেশ বেতার ও সংসদ টেলিভিশন এর মাধ্যমে ঘরে বসে শিখি পাঠদান কার্যক্রম চলছে। সকল শিক্ষার্থীদের অংশ গ্রহণের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও বলেন বিদ্যালয়সমূহ যে কোন সময় খোলার প্রস্তুতি হিসাবে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। যে কোন সময় বিদ্যালয় খোলার নির্দেশনা পেলে বিদ্যালয় খোলা হবে। বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০৮ | উপজেলা যুব উন্নয়ন অফিস: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান ১৫ আগষ্ট ২০২১ জাতীয় শোক দিবস উপলক্ষে ৬জন প্রকল্পধারী যুবক ও যুবনারীদের ৪০,০০০/-টাকা করে মোট ঃ ২,৪০,০০০/-টাকা বিতরন করা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরে লক্ষমাত্রা অনুসারে ঋন বিতরন ও আদায় ৩জন সহকারীর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কর্তৃক অধিক্ষেত্র অনুসারে বাস্তবায়ন হচ্ছে। তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১০ | উপজেলা সমবায় অফিস: সমবায় কর্মকর্তা জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১১ | আমার বাড়ি আমার খামার: সমন্বয়, আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। । এছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক অফিস: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৩ | উপজেলা জন-স্বাস্থ্য প্রকৌশল অফিস: উপসহকারী প্রকৌশলী (জন-স্বাস্থ্য) সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৪ | উপজেলা সমাজসেবা অফিস: উপজেলা সমাজসেবা কর্মকতা সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা অফিস: উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, জুলাই/২১ মাসে ময়মনসিংহ সদর উপজেলায় মোট ২.০৮ লক্ষ টাকা ঋন আদায় এবং সঞ্চয় জমা রহয়েছে ০.৫৭ লক্ষ টাকা। এছাড়া কোভিড-১৯ প্রনোদনা ঋন বাবদ ০৭(সাত)জন সদস্যদের মাঝে ১৬.০০ লক্ষ টাকা ঋন বিতরণ করা হয়েছে। এছাড়া বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে ঋন বিতরণ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৬ | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা অফিস: উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা ২০২১-২০২২ অর্থ বছরে ১৫০জন পাট চাষীকে বিন্যমূল্যে সার, বীজ, কীটনাশক ও স্প্রে মেশিন প্রদান করা হবে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। | সভায় আলোচনান্তে ঋন বিতরণ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৭ | চেয়ারম্যান, চরনিলক্ষিয়া ইউপি সভায় বলেন যে, তার ইউনিয়ন পরিষদের বাউন্ডারী ওয়াল না থাকায় খালি জায়গা সমূহ কিছু লোকজন দখল করার পাঁয়তারা করছে বলে জানান। উক্ত খালি জায়গা সমূহ কিছু দোকান করা হলে ইউনিয়ন পরিষদের রাজস্ব আয় বৃদ্ধি পাবে সেই সাথে অবৈধ দখলদারদের হাত থেকে জায়গা রক্ষা পাবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, চরনিলক্ষিয়া/ সংশ্লিষ্ট সকল |
| ১৮ | চেয়ারম্যান, দাপুনিয়া ইউপি সভায় বলেন যে, তার ইউনিয়ন পরিষদের বাউন্ডারী ওয়াল না থাকায় খালি সমূহ কিছু লোকজন দখল করার পাঁয়তারা করছে বলে জানান। উক্ত খালি জায়গা সমূহ কিছু দোকান করা হলে ইউনিয়ন পরিষদের রাজস্ব আয় বৃদ্ধি পাবে সেই সাথে অবৈধ দখলদারদের হাত থেকে জায়গা রক্ষা পাবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, দাপুনিয়া/ সংশ্লিষ্ট সকল |
| ১৯ | চেয়ারম্যান, কুষ্টিয়া ইউপি সভায় বলেন যে, তার ইউনিয়ন পরিষদের বাউন্ডারী ওয়াল না থাকায় খালি সমূহ কিছু লোকজন দখল করার পাঁয়তারা করছে বলে জানান। উক্ত খালি জায়গা সমূহ কিছু দোকান করা হলে ইউনিয়ন পরিষদের রাজস্ব আয় বৃদ্ধি পাবে সেই সাথে অবৈধ দখলদারদের হাত থেকে জায়গা রক্ষা পাবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, কুষ্টিয়া/ সংশ্লিষ্ট সকল |
| ২০ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, জনাব অনুপকুমার কুন্ডু, ওয়ার্ড নং-১৩, হোল্ডিং নং-৮২, সিটি কর্পোরেশন কর্তৃক উপজেলা পরিষদের ভিতর দিয়ে পাইপ বসিয়ে ড্রেন নির্মান করার অনুমতি প্রদানের জন্য আবেদন করেন। এ বিষয়ে সকলের মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, কোন অবস্থাতেই উপজেলা পরিষদের ভিতর দিয়ে ড্রেন নির্মাণের অনুমতি প্রদানের জন্য কোন ধরনরে সুযোগ নাই।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় আরও বলেন যে, প্রধানমন্ত্রীর কার্যালয়, আশ্রয়ণ-২ প্রকল্পের স্মারক নং-০৩.০২.০০০০.৭০১.০২.৩৯৬.২১.৪১১ তারিখ ঃ ১৬ আগষ্ট ২০২১ মূলে অত্র উপজেলার জন্য ২০২১-২০২২ অর্থ বছরে একক গৃহ নির্মাণ স্থানে প্রোটেকশান নির্মাণের ব্যয় নির্বাহের জন্য উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে কুষ্টিয়ার জন্য ১,৮৪,৪৬৪/-টাকা, গনেশ্যামপুর খাগডহর এর জন্য ২,৮৬,৮৬৪/টাকা, দক্ষিণ চরকালীবাড়ীর জন্য ১,৯৯,২৯৯/-টাকা, দাপুনিয়া খালপাড় এর জন্য ৬,৮১,৬৮২/-টাকা, দাপুনিয়া সরকারী পুকুরপাড়ের জন্য ৫,৮১,২৭৫/-টাকা, বেলতলীর জন্য-৪,০৬,০১৪/-টাকা এবং বয়রার জন্য ৩,২৬,৪৩৪/-টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত অর্থ দ্বারা | বিস্তারিত আলোচনান্তে ক। উপজেলা পরিষদের ভিতর দিয়ে ড্রেন নির্মানের অনুমতি প্রদান না করার সিদ্ধান্ত গৃহীত হয় অনুপকুমার কুন্ডুর আবেদনটি না মঞ্জুর করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ। একক গৃহ নির্মাণ স্থানে প্রোটেকশান নির্মাণের ব্যয় নির্বাহের জন্য বরাদ্দকৃত অর্থ দ্বারা কাজটি বাস্তবায়নের জন্য টেন্ডার আহবান করার জন্য | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ/ উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| | কাজটি বাস্তবায়নের জন্য টেন্ডার আহবান করে কাজটি সমাপ্ত করার জন্য উপজেলা প্রকৌশলী, সদর, ময়মনসিংহকে দ্রুত সময়ের মধ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করেন। এছাড়া করোনা ভাইরাস কোভিড-১৯ ময়মনসিংহ সদর উপজেলা দ্রুত ছড়াচ্ছে। এ বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় কর্মকর্তাগণকে স্বাস্থ্য বিধি মেনে অফিস করার জন্য অনুরোধ করেন। | উপজেলা প্রকৌশলী, সদর, ময়মনসিংহকে দ্রুত সময়ের মধ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২১ | সভার সভাপতি উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় বলেন, যে, অত্র উপজেলা পরিষদ নিয়ন্ত্রনাধীন যে সকল পিআইসি/টেন্ডার পরিষদ কর্তৃক অনুমোদিত হয়েছে তা দ্রুত বাস্তায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান এবং উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর কে সরেজমিনে যাচাই-বাছাই করে বিল প্রদানের সুপারিশ করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন। তিনি আরও বলেন যে, করোনা ভাইরাস কোভিড-১৯ ময়মনসিংহ সদর উপজেলা দ্রুত ছড়াচ্ছে। এ বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেন। সভাপতি মহোদয় সভায় আরও বলেন যে, উপজেলা সমাজসেবা অফিসের যে সকল কর্মচারীদের ০৩(তিন)বছরের অধিক সময় ধরে এখানে চাকুরী করছেন সে সকল কর্মচারীদেরে অন্যত্র বদলী করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়া বিভাগীয় কর্মকর্তাগণকে স্বাস্থ্য বিধি মেনে অফিস করার জন্য অনুরোধ করেন। সকল বিভাগের কর্মকর্তাদের আরও নিষ্ঠার সাথে কাজ করার জন্য নির্দেশানা প্রদান করেন। | বিস্তারিত আলোচনান্তে, অত্র উপজেলা পরিষদ কর্তৃক অনুমোদিত পিআইসি/টেন্ডার দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত এবং উপজেলা সমাজসেবা অফিসের যে সকল কর্মচারীদের ০৩(তিন)বছরের অধিক সময় ধরে এখানে চাকুরী করছেন সে সকল কর্মচারীদেরে অন্যত্র বদলী করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, ময়মমনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ২২ | **উপজেলা পরিষদের নিজস্ব তহবিলে নিম্নলিখিত প্রকল্পসমূহ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় (রাজস্ব/উন্নয়ন)ঃ**<br>**বিবিধ ঃ (উন্নয়ন তহবিল)**<br>০১। ঘাগড়া ইউনিয়নের গোপালনগর খায়রুল কোরআন খুবশিদিয়া হাফিজিয়া মাদ্রাসা ও এতিম খানা উন্নয়ন (পিআইসি)।<br>০২। মনতলা বাজার পাকা রাস্তা হতে বাহাদুর পুর জয়বাংলা পাকা রাস্তা পর্যন্ত রাস্তা সংস্কার/উন্নয়র (পিআইসি)।<br>০৩। ময়মনসিংহ সংগীত বিদ্যালয়ের জন্য একটি হারমোনিয়াম ও দুই চোড়া তবলা ক্রয় বাবদ বরাদ্দ ১,০০,০০০/-টাকা।<br>০৪। ময়মনসিংহ মুক্ত মঞ্চের টাইলস করণ প্রকল্প (পিআইসি)।<br>রাজস্ব তহবিল ঃ<br>০১ । মোঃ আনোয়ার, পিতা-মোসলিম-উদ্দিন, সাং-সাহাপুর, ফুলপুর, ময়মনসিংহ চিকিৎসা বাবদ ১০,০০০/-(দশ হাজার)টাকা। | আলোচনান্তে উপজেলা রাজস্ব/উন্নয়ন /এডিপি তহবিল হতে প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আশরাফ হোসাইন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

তারিখ-২৩/০৮/২০২১খ্রিঃ।

স্মারক নংঃ ০৫.৪৫.৬১৫২.০০০৯.০৩.০০১.২০২১.৮১৫ /১(৫০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। বেগম রওশন এরশাদ, এমপি, মাননীয় বিরোধী দলীয় নেতা ও মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৪৯ ময়মনসিংহ-৪, ময়মনসিংহ।

২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৭। উপজেলা.............................................কর্মকর্তা (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৮। জনাব......................................................চেয়ারম্যান...............................ইউপি (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৯। জনাব............................................................................... ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

১০। অফিস কপি।

২৩/০৮/২১
(মোঃ সাইফুল ইসলাম)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।